

যুগান্তর

এসএসসি ও সমমান পরীক্ষা

পৌনে ৩ লাখ উত্তর পত্রের ফল পুনরায় নিরীক্ষার আবেদন

যুগান্তর প্রতিবেদন

০৯ ডিসেম্বর ২০২২, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল চ্যালেঞ্জ করেছে অনেক শিক্ষার্থী। বৃহস্পতিবার সন্ধ্যা পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী পাঁচ শিক্ষা বোর্ডে প্রায় ৮৬ হাজার প্রার্থী আবেদন করেছে। তবে ১১ শিক্ষা বোর্ডে ২ লাখ ৭৮ হাজার ৮৪৫ টি উত্তরপত্র পুনর্নিরীক্ষার আবেদন জমা পড়েছে। তাদের অধিকাংশের আপত্তি ইংরেজি, গণিত, রসায়ন, পদার্থ এবং উচ্চতর গণিতের ফলে। অন্যান্য বিষয়েও আবেদন করেছে শিক্ষার্থীরা।

গত ২৮ নভেম্বর এই পরীক্ষার ফল প্রকাশ করা হয়। পরদিন ২৯ নভেম্বর থেকে পুনঃনিরীক্ষার জন্য আবেদন নেওয়া শুরু হয়। শেষ হয় ৫ ডিসেম্বর। একাদশ শ্রেণিতে ভর্তির সুবিধার্থে আগামী ২৫ ডিসেম্বর পুনঃনিরীক্ষার ফল প্রকাশ করা হবে বলে জানা গেছে। এগার শিক্ষা বোর্ডে মোট পাশ করেছে ১৭ লাখ ৪৩ হাজার ৬১৯ জন। তাদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২ লাখ ৬৯ হাজার ৬০২ শিক্ষার্থী। সূত্র জানিয়েছে, ফল পুনঃনিরীক্ষার আবেদনকারীদের মধ্যে জিপিএ-৫ পাওয়া অনেক শিক্ষার্থী আছে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার যুগান্তরকে জানান, ফল পুনঃনিরীক্ষার প্রক্রিয়াটি একটি স্বাভাবিক ব্যাপার। সাধারণত পুনঃনিরীক্ষায় চারটি দিক দেখা হয়। এগুলো হচ্ছে, শিক্ষার্থীর লেখা প্রত্যেক উত্তরে পরীক্ষক নম্বর দিয়েছেন কি না, প্রাপ্ত নম্বরের যোগফল ঠিকমতো করা হয়েছে কি না, প্রাপ্ত নম্বর ও এমআর ফরমে ঠিকমতো লেখা এবং সে অনুযায়ী বৃত্ত ভরাট হয়েছে কি না। উত্তরপত্র পুনঃমূল্যায়ন করা হয় না। কেবল কোনো প্রশ্নের উত্তরে যদি নম্বর দিতে পরীক্ষক ভুল করেন কেবল সেই উত্তর মূল্যায়ন করা হয়। এই প্রক্রিয়ায় শিক্ষার্থীর নম্বর বা গ্রেড পরিবর্তন হলে গোটা ফল পরিবর্তন হয়ে যায়।

জানা গেছে, এবার সবচেয়ে বেশি (প্রায় ৩৬ হাজার) পুনঃনিরীক্ষার আবেদন পড়েছে ঢাকা শিক্ষা বোর্ড। এ বোর্ডে বাংলা, ইংরেজি, গণিত এবং বাংলাদেশ ও বিশ্ব সভ্যতার ইতিহাস বিষয়ে বেশি আবেদন জমা পড়েছে। যশোর শিক্ষা বোর্ডে আবেদনকারী ৮ হাজারের বেশি। তারা ১২ হাজার ৮১৬টি উত্তরপত্রের পুনঃনিরীক্ষা চায়। ওই বোর্ডে বিষয়ভিত্তিক আবেদনের

আবেদন পড়েছে। দিনাজপুর শিক্ষা বোর্ড মোট আবেদনকারী ১৬ হাজার। তারা মোট ৩০ হাজার ৪৪৯টি পত্রের পুনঃনিরীক্ষা চায়। এই বোর্ডে সবচেয়ে বেশি আবেদনকারী গণিতে, ৫ হাজার ৯৮৩টি। এছাড়া ইতিহাসে ৪ হাজার ৬৩৭ এবং ইংরেজি ১ম ও ২য় পত্রে ৩ হাজার ১১১ টি আবেদন পড়েছে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডে দাখিল পরীক্ষায় পুনঃনিরীক্ষার মোট আবেদনকারী ১৬ হাজার ৮৩৩ জন। তারা ২৫ হাজার ৫০২টি পত্রের পুনঃনিরীক্ষা চায়। কারিগরি শিক্ষা বোর্ডে ১৩ হাজার ৩১২টি পত্রের পুনঃনিরীক্ষার আবেদন করা হয়েছে। এছাড়া বরিশাল শিক্ষাবোর্ডে প্রায় ৯ হাজার জন ১১ হাজার ২৯টি বিষয়ের আবেদন করা হয়েছে। চট্টগ্রাম বোর্ডে ২৮ হাজার ৬০৭টি, কুমিল্লা বোর্ডে ২৩ হাজার ১০৩, ময়মনসিংহ বোর্ডে ১৭ হাজার ৩১৯, রাজশাহী বোর্ডে ৩১ হাজার ৫৪৪, সিলেট বোর্ডে ২০ হাজার ১৫৫টি উত্তরপত্র পুনঃনিরীক্ষার আবেদন করা হয়েছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](http://www.jugantor.com) © 2022